

বিজ্ঞপ্তি নং ২০১২

তারিখঃ ১১/৫/১৭

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারমাইকেল কলেজ, রংপুর-এ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। আশ্রয়ী সকলকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদন করার জন্য আহ্বান করা যাচ্ছে। টেলিটক প্রি-পেইড মোবাইল ব্যবহার করে এসএমএস ও অনলাইনের মাধ্যমে আবেদন করা যেতে পারে। (৩ নম্বর নিয়ম অনুসরণ করতে হবে)।

১। ভর্তির যোগ্যতা :

ক) ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪, ২০১৫, ২০১৬ সালে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ) বিভিন্ন শাখা ভিত্তিক ভর্তির জন্য ন্যূনতম জিপিএ :

শাখা	জিপিএ
বিজ্ঞান	৫.০০ (৪র্থ বিষয়সহ)
মানবিক	৪.০০ (৪র্থ বিষয়সহ)
ব্যবসায় শিক্ষা	৪.০০ (৪র্থ বিষয়সহ)

গ) শাখা পরিবর্তনের জন্য ন্যূনতম জিপিএ :

বিজ্ঞান শাখা হতে মানবিক ও ব্যবসায় শিক্ষা	৪.৫০ (৪র্থ বিষয়সহ)
মানবিক শাখা হতে ব্যবসায় শিক্ষা	৩.৭৫ (৪র্থ বিষয়সহ)
ব্যবসায় শিক্ষা শাখা হতে মানবিক	৩.৭৫ (৪র্থ বিষয়সহ)

ঘ) ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে :

বিজ্ঞান শাখা হতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার মধ্যে যে কোন একটি;

মানবিক শাখা হতে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার মধ্যে যে কোন একটি;

ব্যবসায় শিক্ষা শাখা হতে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার মধ্যে যে কোন একটি;

বিঃদ্রঃ মানবিক বা ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তিকৃত বিজ্ঞান শাখার শিক্ষার্থী আসন শূন্য থাকা সাপেক্ষে বিজ্ঞান শাখায় শাখা পরিবর্তন করতে চাইলে তার জিপিএ ৫.০০ থাকতে হবে।

২। কারমাইকেল কলেজের EIIN নম্বর : 127489

৩। অনলাইন ও এসএমএস-এর মাধ্যমে আবেদন করার নিয়মাবলীঃ

ক) অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ

১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে।

এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানের পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে।

অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

খ) আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইটে (xiclassadmission.gov.bd) গিয়ে Apply Online এ Click করতে হবে, এরপর প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, বোর্ড ও পাশের সন সঠিকভাবে এন্ট্রি দিলে আবেদনকারী তার প্রাপ্ত জিপিএ ও ব্যক্তিগত তথ্য দেখতে পাবে। এরপর নিজের/অভিভাবকের ব্যবহৃত মোবাইল নম্বর এবং কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) দিতে হবে। এই মোবাইল নম্বরের মাধ্যমে বিভিন্ন সময় প্রার্থীকে SMS প্রেরণ করা হবে। বিধায় নম্বরটি নিশ্চিত হওয়ার জন্য দুইবার এন্ট্রি দিতে হবে। অতঃপর তাকে ভর্তিচ্ছু কলেজ, শিফট, ভার্সন এবং গ্রুপ Select করতে হবে।

গ) কোটার ক্ষেত্রেঃ শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা (মুক্তিযোদ্ধা, শিক্ষা কোটা) Select করতে হবে।

ফি প্রদানঃ

অনলাইনে সফলভাবে আবেদন Submit হওয়ার পর প্রার্থীরা শুধুমাত্র টেলিটক মোবাইল ব্যবহার করে SMS এর মাধ্যমে তাদের অন-লাইনে আবেদন ফি ম্যাসেজ অপশনে গিয়ে নিম্নলিখিত নিয়মে ফি প্রদান করতে হবে। CAD <Space> WEB <Space> Application ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। ফিরতি SMS এ আবেদনকারীর নাম, Application ID, কলেজের সংখ্যা এবং ফি বাবদ ১৫০/- টাকা (একশত পঞ্চাশ টাকা) কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN প্রদান করা হবে।

আবেদনে সম্মত থাকলে ম্যাসেজ অপশনে গিয়ে CAD <Space> Yes <Space> PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

৪। আবেদনের সময়সীমা : ০৯/০৫/২০১৭ হতে ২৬/০৫/২০১৭ তারিখ পর্যন্ত (অন্যান্য তথ্যাদি দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে জানা যাবে)।


৫। নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ : ০৫/০৬/২০১৭

৬। শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন : ০৬/০৬/২০১৭ থেকে ০৮/০৬/২০১৭

৭। ভর্তি : ২০/০৬/২০১৭ থেকে ২২/০৬/২০১৭ এবং ২৮/০৬/২০১৭ থেকে ২৯/০৬/২০১৭ পর্যন্ত

৮। ক্লাশ শুরুর তারিখ : ০১/০৭/২০১৭, সকাল ০৮.৪৫ মিনিট

৯। বিস্তারিত তথ্য কলেজের ওয়েব সাইট www.ccr.gov.bd থেকে জানা যাবে।



অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিফ মিয়া-৫১৭৫)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর